# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/মুখপাত্র/২০১১/২০৬৫

তারিখঃ ২৪/০৮/২০১৫ইং

## প্রেস বিজ্ঞপ্তি

৫৫২ তম কমিশন সভা অদ্য ২৪/০৮/২০১৫ ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে ঃ

১. কমিশন আজকের সভায় Regent Textile Mills Limited এর প্রতিটি ২৫.০০ টাকা (১৫ টাকা প্রিমিয়াম সহ) মূল্যের ৫.০০ কোটি সাধারণ শেয়ার প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার অনুমোদন দিয়েছে। এই IPO এর মাধ্যমে কোম্পানীটি ১২৫.০০ কোটি টাকা পুঁজি উত্তোলন করে BMRE, নতুন রেডিমেড গার্মেন্টস প্রকল্প এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। কোম্পানীটির ৩১ শে ডিসেম্বর, ২০১৪ সালের সমাপ্ত বৎসরের নিরীক্ষিত আর্থিক বিবরণী অনুযায়ী শেয়ার প্রতি আয় (EPS) ২.৪৮ টাকা এবং নেট এ্যাসেট ভ্যালু (NAV) ৩৩.৬২ টাকা। উল্লেখ্য, কোম্পানীটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে LankaBangla Investments Limited।

২. AB Bank Limited এর ৪০০ কোটি টাকা Non-Convertible Subordinated Bond এর প্রস্তাব কমিশন অনুমোদন করেছে, যার মেয়াদ ৭ বছর। এর বৈশিষ্ট্য হচ্ছে, Fully Redeemable, Non-Convertible, Subordinated Bond। বন্ডটি ০৭ বছরে Full Redemption হবে, যা শুধুমাত্র আর্থিক প্রতিষ্ঠান এবং উচ্চ আর্থিক সঙ্গতি সম্পন্ন বিনিয়োগকারীরাই প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে ক্রয় করতে পারবেন। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে অর্থ উত্তোলন করে AB Bank Limited তাদের Tire-II Regulatory Capital এবং Capital Adequacy Ratio বৃদ্ধির কাজে ব্যয় করবে। AB Bank Limited Non-Convertible Subordinated Bond এর প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা। এই বন্ডের Lead Arrenger এবং Trustee হিসাবে কাজ করছে যথাক্রমে RSA Capital এবং IDLC Finance Limited।

৩. Mutual Trust Bank Limited এর ৩০০ কোটি টাকা Subordinated Floating Rate Bond এর প্রস্তাব কমিশন অনুমোদন করেছে, যার মেয়াদ ৭ বছর। এর বৈশিষ্ট্য হচ্ছে, Fully Redeemable, Non-Convertible, Floating Rate Subordinated Bond। বন্ডটি ০৭ বছরে Full Redemption হবে, যা শুধুমাত্র আর্থিক প্রতিষ্ঠান এবং উচ্চ আর্থিক সঙ্গতি সম্পন্ন বিনিয়োগকারীরাই প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে ক্রয় করতে পারবেন। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে অর্থ উত্তোলন করে Mutual Trust Bank Limited তাদের Tire-II Regulatory Capital Base বৃদ্ধির কাজে ব্যয় করবে। Mutual Trust Bank Limited Non-Convertible Floating Rate Subordinated Bond এর প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১,০০,০০,০০০/- (এক কোটি) টাকা। এই বন্ডের Lead Arranger এবং Trustee হিসাবে কাজ করছে যথাক্রমে RSA Capital এবং IDLC Finance Limited।

৪. ChicTex Limited (Issuer) এর ডিসেম্বর ৩১, ২০১১ইং এ সমাপ্ত সময়ের অর্ধ বার্ষিক আর্থিক প্রতিবেদন কমিশনে দাখিলে ব্যর্থ হয়। উল্লেখ্য ChicTex Limited এর অর্ধ বার্ষিক আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতা Securities and Exchange Rules, 1987 এর Rule 13 এর লঙ্ঘন। উল্লিখিত সিকিউরিটিজ আইন ভঙ্গের জন্য কমিশন, ChicTex Limited এর ব্যবস্থাপনা পরিচালকসহ প্রত্যেক পরিচালককে ১ লক্ষ টাকা হারে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৫. Ashraf Textile Mills Ltd. (Issuer) তৃতীয় প্রান্তিকের (Q3) আর্থিক বিবরণীতে (৩১ মার্চ, ২০১৪ইং এ সমাপ্ত সময়ের) যথাযথ ব্যাখ্যামূলক নোট প্রদান না করে বাংলাদেশ একাউন্টিং স্ট্যান্ডার্ড BAS-34 (paragraph-8) এবং ভূমি বিক্রয়য়ের লাভ, বেসিক EPS গণণায় বাংলাদেশ একাউন্টিং স্ট্যান্ডার্ড BAS-33 (paragraph-9) অনুসরনে ব্যর্থ হয়েছে। যা Securities and Exchange Rules, 1987 এর Rule 12(2) এর লঙ্ঘন। উল্লেখিত ব্যর্থতার জন্য কমিশন, Ashraf Textile Mills Ltd. এর ব্যবস্থাপনা পরিচালকসহ প্রত্যেক পরিচালককে ১ লক্ষ টাকা হারে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৬. Tamijuddin Textile Mills Ltd. (Issuer) এর জুন ৩০, ২০১৩ইং এ সমাপ্ত বৎসরের নিরীক্ষিত আর্থিক বিবরণীতে স্থায়ী সম্পদ পুনঃমূল্যায়ন (Revaluatin of fixed asset calculation) হিসাব সঠিকভাবে প্রতিফলিত না হওয়ার মাধ্যমে Net Profit এবং EPS অতিরঞ্জিত (overstated) দেখানো হয়েছে। যা BAS-16 এবং Securities and Exchange Rules, 1987 এর Rule 12(2) এবং Securities and Exchange Ordinance, 1969 এর Section 18 এর লঙ্ঘন। উল্লিখিত সিকিউরিটিজ আইন ভঙ্গের জন্য কমিশন, Tamijuddin Textile Mills Ltd. এর ব্যবস্থাপনা পরিচালকসহ প্রত্যেক পরিচালককে ২ লক্ষ টাকা হারে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৭. Sonali Aansh Industries Ltd. (Issuer) এর জুন ৩০, ২০১২ইং এ সমাপ্ত বৎসরের নিরীক্ষিত আর্থিক বিবরণীতে Direct Material Cost ৮২.২১% বৃদ্ধি, বৈদেশিক ভ্রমনের খরচ আর্থিক হিসাব বিবরণীতে না দেখানো, পাট ক্রয়ের খরচ বছরের পর বছর সমন্বয় না করা, আর্থিক হিসাব বিবরণী প্রস্তুতিতে Deferred Tax এর প্রভাব বিবেচনা না করা, পরিচালকদের বার্ষিক প্রতিবেদনে জুন ৩০, ২০১২ সমাপ্ত বৎসরের আর্থিক বিবরণীতে অডিটরের Qualified Opinion এর বিষয়টি প্রকাশ (disclosure) না করার মাধ্যমে যথাক্রমে BAS-1, Securities and Exchange Rules, 1987 এর Rule 12(2) এবং Securities and Exchange Ordinance, 1969 এর Section 18 লঙ্গনের জন্য কমিশন, Sonali Aansh Industries Ltd. এর ব্যবস্থাপনা পরিচালকসহ প্রত্যেক পরিচালককে ২ লক্ষ টাকা হারে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

৮. Alltex Industries Ltd. (Issuer) এর জুন ৩০, ২০১৪ইং এ সমাপ্ত বৎসরের নিরীক্ষিত আর্থিক বিবরণীতে নিরীক্ষকের Qualified Opinion অনুযায়ী প্রায় ১১৯ কোটি টাকার স্থায়ী সম্পদের প্রকৃত অবস্থান (Physicial Existence of Fixed Assets) না থাকা, সুদ বাবদ খরচ (Interest expenses/Financial expenses) ১৭৪.৮৯ মিলিয়ন টাকা আর্থিক বিবরণীতে Provision/Charge হিসাবে না দেখানোর কারনে কোম্পানীর Net Profit ১২.২৭ কোটি প্রদর্শিত হয়েছে যা প্রকৃতপক্ষে হওয়া উচিত ছিল Net Loss ৫.২২ কোটি টাকা এবং Alltex Fabrics Ltd. এ ৭ কোটি টাকা বিনিয়োগের ব্যাংক বিবরণী কমিশন থেকে Securities and Exchange Ordinance, 1969 এর Section 11(2) অনুযায়ী তলব করা হলেও তা দাখিল না করার মাধ্যমে Securities and Exchange Ordinance, 1969 এর Section 11(2) লঙ্ঘন ইত্যাদি। উল্লিখিত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গের জন্য কমিশন, Alltex Industries Ltd. এর ব্যবস্থাপনা পরিচালকসহ প্রত্যেক পরিচালককে ৫ লক্ষ টাকা হারে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৯. সভায় স্টক এক্সচেঞ্জ সমূহের Demutualization পরবর্তী বিভিন্ন সিকিউরিটিজ আইন/বিধিমালা/প্রবিধানমালা সংশোধন/পরিবর্তন এর লক্ষ্যে নিম্নোক্ত কর্মকর্তাদের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হয়ঃ

ক) জনাব মোঃ আনোয়ারুল ইসলাম, নির্বাহী পরিচালক, বিএসইসি;
খ) জনাব মোঃ আবুল কালাম, পরিচালক, বিএসইসি; এবং
গ) জনাব মোঃ মনসুর রহমান, পরিচালক, বিএসইসি।

১০. Securities and Exchange Commission (Private Placement of Debt Securities) Rules, 2012 এর সংশোধন/পরিবর্তন এর লক্ষ্যে নিম্নোক্ত কর্মকর্তাদের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হয়ঃ

ক) জনাব মোহাম্মদ রেজাউল করিম, পরিচালক, বিএসইসি; এবং
খ) জনাব রিপন কুমার দেবনাথ, পরিচালক, বিএসইসি।

১১. Financial Literacy সংক্রান্ত বিষয়ে নিম্নোক্ত কর্মকর্তাদের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হয়ঃ

ক) জনাব মোঃ মাহবুবুল আলম, নির্বাহী পরিচালক, বিএসইসি;
খ) জনাবা ফারহানা ফারুকী, পরিচালক, বিএসইসি; এবং
গ) জনাব মোঃ ওহিদুল ইসলাম, উপ-পরিচালক, বিএসইসি।

১২. এছাড়াও আজকের সভায় Securities and Exchange Comission (Public Issue) Rules, 2006 এর পরিবর্তন/সংশোধন এর লক্ষ্যে নিম্নোক্ত কর্মকর্তাদের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হয়ঃ

ক) জনাব মোঃ সাইফুর রহমান, নির্বাহী পরিচালক, বিএসইসি;
খ) জনাব মোঃ মাহবুবুল আলম, নির্বাহী পরিচালক, বিএসইসি;
গ) জনাব কামরুল আনাম খান, পরিচালক, বিএসইসি;
ঘ) জনাব মোহাম্মদ রেজাউল করিম, পরিচালক, বিএসইসি; এবং
ঙ) জনাব মোঃ কাওসার আলী, উপ-পরিচালক, বিএসইসি।

২৪/০৮/২০১৫

মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র

ফোন (পিএবিএক্স) : +৮৮০-২-৯৫৬৮১০১-২, +৮৮০-২-৯৫৬১৫২৫, ফ্যাক্স : +৮৮০-২-৯৫৬৩৭২১, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.secbd.org, www.sec.gov.bd